**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/15/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোচুল এম্পায়ার টেকনোলজি প্রাইজ প্রতিষ্ঠা করতে এবং নিউ ইয়র্ক স্টেটে ভবনগুলি কার্বনমুক্ত করার জন্য 9.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার ঘোষণা করেছেন

## *বহু-পরিবার সহ ভবন এবং বাণিজ্যিক ভবনের জলবায়ু সমাধান স্কেল করার নতুন প্রোগ্রাম*

## *জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইন সমর্থন করে যা 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন 85 শতাংশ হ্রাস করার দেশের শীর্ষ লক্ষ্য অর্জন করতে চায়*

গভর্নর ক্যাথি হোচুল আজ একটি উচ্চাভিলাষী নতুন কর্পোরেট চ্যালেঞ্জ এম্পায়ার টেকনোলজি প্রাইজ প্রোগ্রাম, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে বিল্ডিং কার্বনমুক্তকরণকে অগ্রসর করার লক্ষ্যে করা, সেটি প্রতিষ্ঠার জন্য 9.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার কথা ঘোষণা করেছেন। এই তহবিল একটি যোগ্য প্রোগ্রাম অ্যাডমিনিস্ট্রেটরকে প্রোগ্রাম পরিচালনা করতে সহায়তা করবে এবং প্রতিযোগিতা শুরু করার জন্য অর্থ প্রদান করবে যা বিশ্ব জুড়ে জলবায়ু সমাধানকে আকৃষ্ট করবে, অন্তর্ভুক্ত করবে এবং তৈরি করতে স্কেল করবে  অন্তত আট তলা উঁচু বিদ্যমান বহু-পারিবারিক ভবনগুলিতে  অথবা অন্তত 15 তলা উঁচু বাণিজ্যিক ভবনগুলিতে কার্বন-নিরপেক্ষতা অর্জন করতে। এই ঘোষণাটি জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায়ের সুরক্ষার আইনকে (জলবায়ু আইন) সমর্থন করে যা 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনের 85 শতাংশ হ্রাসের আহ্বান জানায়।

"নিউ ইয়র্ক স্টেটে গ্রিনহাউস গ্যাস নির্গমনের প্রধান কারণ হল ভবনগুলি, এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করার জন্য ভবনগুলিকে দ্রুত কার্বনমুক্ত করে আমাদের এমন বাস্তব সমাধানগুলি আরো জোরদার করা উচিত।" **গভর্নর হোচুল বলেছেন।** "এই উদ্যোগের মাধ্যমে, আমরা উদ্ভাবনী সমাধান এবং বহু-পারিবারিক এবং বাণিজ্যিক ভবনের মালিকদের মধ্যে সেতুবন্ধন করছি যারা আরও টেকসই, কম কার্বনের ভবিষ্যতের জন্য এই সমাধানগুলি থেকে উপকৃত হতে পারেন।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority) দ্বারা পরিচালিত, এম্পায়ার টেকনোলজি প্রাইজ প্রোগ্রাম কম কার্বনের রেট্রোফিট পদ্ধতির অগ্রগতির জন্য আর্থিক পুরস্কারের সাথে ব্যবসায়িক

সহায়তার সংমিশ্রণ করে একটি ব্যবসার অ্যাক্সিলারেটর এবং একটি প্রাইজ প্রোগ্রাম, উভয়ই হওয়ার জন্য প্রস্তুত করা হয়েছে।

NYSERDA বর্তমানে প্রোগ্রাম অ্যাডমিনিস্ট্রেটরের জন্য আবেদন গ্রহণ করছে যাকে 2024 সাল পর্যন্ত 1.7 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে কার্বন নির্গমন কমানোর প্রযুক্তি মোতায়েন করার সুবিধার্থে একটি প্রতিযোগিতামূলক কর্পোরেট চ্যালেঞ্জে শিল্পের অংশীদারদের সম্পৃক্ত করার জন্য। NYSERDA প্রোগ্রামের অধীনে পুরস্কার প্রদানের জন্য অতিরিক্ত 7.8 মিলিয়ন মার্কিন ডলার উৎসর্গ করছে, যেখানে প্রোগ্রাম অ্যাডমিনিস্ট্রেটর বেসরকারি খাতের অংশীদারিত্ব এবং বিনিয়োগের সুবিধা নিয়ে পুরস্কারের অর্থের পরিমাণ বাড়াবেন বলে আশা করা হয়।

**NYSERDA এর প্রেসিডেন্ট এবং সিইও ডোরিন এম হ্যারিস বলেন,** "এই প্রোগ্রামটি শিল্পের পেশাদারদের উদ্ভাবকদের সাথে সংযুক্ত করবে যাতে ব্যবহারযোগ্য, টেকসই সমাধানগুলি বিকশিত করা নিশ্চিত করা যায় এবং সেগুলি বিপননের একটি পথ থাকে। আমরা বাজারের পরিবর্তনের নেতৃত্ব দিতে, বাণিজ্যিক এবং বহুমুখী ভবনগুলিকে কার্বনমুক্ত করতে এবং সবুজ, পরিচ্ছন্ন ভবিষ্যত তৈরি করতে বেসরকারি শিল্পকে সম্পৃক্ত করার দিকে মনোনিবেশ করছি যা সমস্ত নিউ ইয়র্কবাসীদের উপকার করে।"

NYSERDA যোগ্য একক সংস্থা বা সংস্থার দল থেকে প্রোগ্রাম অ্যাডমিনিস্ট্রেটরের জন্য আবেদন গ্রহণ করবে 17 নভেম্বর 2021 পর্যন্ত, এম্পায়ার টেকনোলজি প্রাইজ প্রোগ্রাম সহ-বিকশিত এবং পরিচালনা করার জন্য। একটি স্কোরিং কমিটি আবেদনকারীর কার্যকর কর্পোরেট চ্যালেঞ্জ তৈরি করার অতীত ট্র্যাক রেকর্ডের ভিত্তিতে প্রস্তাবগুলি মূল্যায়ন করবে, যার মধ্যে আছে বিশ্বব্যাপী নিয়োগ, শিল্প-কেন্দ্রিক আহ্বান, ব্যবসায়িক ত্বরণে সহায়তা, কৌশলগত অংশীদারিত্বের সুবিধা প্রদান এবং বেসরকারি ডলারের সুবিধা নেওয়া। প্রাইজ প্রোগ্রামটি 2022 সালে চালু হবে।

**সিনেটর ও সভাপতি কেভিন পার্কার বলেন,** "সিনেট এনার্জি অ্যান্ড টেলিকমিউনিকেশনস কমিটির (Senate Energy and Telecommunications Committee) চেয়ারম্যান হিসেবে আমি NYSERDA এবং গবর্ণরের অফিসের প্রশংসা করি এম্পায়ার টেকনোলজি প্রাইজ প্রোগ্রামটি বাস্তবায়ন করার জন্য। আমি নিউ ইয়র্কের প্রগতিশীল শক্তি এবং চাকরির কর্মসূচিকে এগিয়ে নেওয়ার উদ্যোগগুলিকে প্রচার করার জন্য NYSERDA এর সাথে কাজ চালিয়ে যেতে আগ্রহী।"

**অ্যাসেম্বলি সদস্য মাইকেল কুসিক বলেন, "**ভবন কার্বনমুক্ত করা আমাদের রাজ্যব্যাপী শক্তি এবং পরিবেশগত লক্ষ্যগুলি অর্জন করার অন্যতম গুরুত্বপূর্ণ উপাদান। এম্পায়ার টেকনোলজি প্রাইজ প্রোগ্রাম আমাদের রাজ্যের কিছু অত্যন্ত খারাপ গ্রিনহাউস গ্যাস নির্গমনকারী ভবনগুলিকে কার্বনমুক্ত করার জন্য একটি সৃজনশীল এবং কার্যকর হাতিয়ার হবে এবং নির্গমন কমানোর উদ্দেশ্যে আমাদের প্রচেষ্টায় এই কর্মসূচি উল্লেখযোগ্য প্রভাব ফেলবে।"

এই প্রোগ্রামটি সেপ্টেম্বর 2020-তে ঘোষিত সফল এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জ এর মাধ্যমে সংগৃহীত বাজার অন্তর্দৃষ্টি উপর ভিত্তি করে গড়ে তুলেছে, এটি বিশ্বের সবচেয়ে বড় রিয়েল এস্টেট হোল্ডার, নির্মাতা, প্রযুক্তি বিশেষজ্ঞ এবং উদ্যোক্তাদের সাথে মিলে উঁচু বাণিজ্যিক এবং

বহু-পারিবারিক ভবনগুলিকে কার্বনমুক্ত করার সমাধানের মাধ্যমে নিউ ইয়র্কে অর্থনৈতিক প্রবৃদ্ধি বাড়ানোর জন্য একটি সরকারি-বেসরকারি অংশীদারিত্ব।

নিউ ইয়র্ক রাজ্যে অর্থনীতি-বিস্তৃত গ্রিনহাউস গ্যাস নির্গমনের এক তৃতীয়াংশের জন্য ভবনগুলি দায়ী, এবং রাজ্য জুড়ে ছয় মিলিয়নেরও বেশি ভবনগুলির মধ্যে অনেকগুলি এনার্জি কোডের আগে নির্মিত হয়েছিল এবং এগুলি শক্তি দক্ষ হওয়ার জন্য ডিজাইন করা হয়নি। NYSERDA ও ইউটিলিটি প্রোগ্রামের মাধ্যমে, ভবনগুলিতে কার্বন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করা হচ্ছে। ভবন সহ অনসাইট স্টোরেজ, নবীকরণযোগ্য এবং যান চার্জিং সরঞ্জামগুলিতে শক্তির ক্ষমতা বাড়িয়ে রাজ্য কার্বন দূষণের মাত্রা কমাবে এবং স্টেটের উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য য হল 2025 এর মধ্যে অন-সাইট বিদ্যুৎ খরচের মাত্রা 185 ট্রিলিয়ন BTU কমানো যা 1.8 মিলিয়ন বাড়ির বিদ্যুতের খরচার সমতুল্য। শক্তি দক্ষতা স্টেট জুড়ে পরিচ্ছন্ন শক্তির কর্মসংস্থানের 75 শতাংশের অবদান রাখে এবং কার্বন দূষণ কমাতে স্টেটের উচ্চাভিলাষী পরিকল্পনার কারণে সামাজিক ও পরিবেশগত সুবিধা বাবদ অতিরিক্ত 1.8 বিলিয়ন মার্কিন ডলারের ফল প্রদান করবে।

এম্পায়ার টেকনোলজি প্রাইজ প্রোগ্রাম NYSERDA এর ইনোভেশন প্রোগ্রামের মাধ্যমে সমর্থিত যা প্রাথমিক পর্যায়ের সংস্থাগুলিকে কারিগরি সহায়তা এবং ব্যবসায়িক উন্নয়নের সংস্থান প্রদান করে উদ্যোক্তা সহায়তা এবং উৎপাদন স্কেল-আপের মাধ্যমে। NYSERDA 2009 সাল থেকে 28 মিলিয়ন ডলারের বেশি উদ্যোক্তা সহায়তা কর্মসূচিতে বিনিয়োগ করেছে,যা প্রায় 349-টি সংস্থাকে সহায়তা প্রদান করেছে এবং 1,140-টিরও বেশি কর্মসংস্থান সৃষ্টি করেছে। বেসরকারি বিনিয়োগে 780 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি এবং প্রকল্পের আর্থিক মূলধনে 200 মিলিয়ন মার্কিন ডলারেরও সুবিধা নেওয়া হয়েছে LED লাইটিং সিস্টেম, হোম অ্যাপ্লায়েন্স, দীর্ঘস্থায়ী ব্যাটারি এবং আরও কার্যকর শীততাপ সিস্টেম সহ 440-টিরও বেশি নতুন এবং উন্নত পরিচ্ছন্ন শক্তির পণ্য বাজারে আনতে সাহায্য করেছে।

এই উদ্যোগের জন্য স্টেট 10 বছরের অনুদান প্রদান করেছে যা $5.3 বিলিয়ন ক্লিন এনার্জি ফান্ড। এই অর্থায়ন সম্বন্ধে আরো তথ্য উপলব্ধ আছে NYSERDA এর ওয়েবসাইটে।

## নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। ক্লাইমেট লিডারশিপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্টের মাধ্যমে আইনে অন্তর্ভুক্ত, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎ খাতের বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে রয়েছে, যার মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য জ্বালানি উৎপাদন এবং অর্থনীতিতে ব্যাপক কার্বন নিরপেক্ষতা। স্টেট জুড়ে 91 টি বিশাল মাত্রার পুনর্নবায়নযোগ্য প্রোজেক্টে $21 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য $6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি উৎপাদনের মাত্রা বাড়ানোর জন্য $1.8 বিলিয়ন ডলার, স্বচ্ছ পরিবহনের উদ্যোগগুলির জন্য $1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাংকের প্রতি অঙ্গীকারে $1.2 বিলিয়ন ডলারের বেশি সহ,

স্বচ্ছ শক্তির উৎপাদনের মাত্রা বাড়ানোর জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের ওপরে ভিত্তি করে এটি আরও প্রসারিত করে। এই বিনিয়োগগুলি সম্মিলিতভাবে 2019 সালে নিউ ইয়র্কে স্বচ্ছ শক্তির ক্ষেত্রে 150,000 এর বেশি চাকরি, 2011 সাল থেকে বণ্টিত সৌরশক্তির ক্ষেত্রে 2,100 শতাংশ বৃদ্ধি এবং 2035 এর মধ্যে স্থলভাগে 9,000 মেগাওয়াট বায়ুশক্তি উৎপাদন করার প্রতি অঙ্গীকারে সহায়তা করছে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্ক এই অগ্রগতির উপর ভিত্তি করে গড়ে তুলবে এবং গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 সালের মাত্রা থেকে 2050 সালের মধ্যে 85 শতাংশ কমিয়ে দেবে, এবং তার সাথে অন্তত 35 শতাংশ পরিষ্কার শক্তির বিনিয়োগের সুবিধাগুলির 40 শতাংশ সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর উদ্দেশ্যে নির্দেশিত হয় নিশ্চিত করবে, এবং রাজ্যের 2025 সালের চূড়ান্ত ব্যবহারকারীর 185 ট্রিলিয়ন বিটিইউ অন-সাইট জ্বালানি খরচ কমানোর শক্তি দক্ষতার লক্ষ্যে অগ্রগতি সমর্থন করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | একজিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন